গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা
www.munshiganj.gov.bd

নম্বর: ০৫.৩০.৫৯০০.২০৪.৩২.০৪৭.১৮- ৪৫৮

তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩৩
১১ আগষ্ট ২০২৬

# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)' এর আলোকে মুন্সীগঞ্জ জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | উপজেলার নাম | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা.................. ওয়ার্ড |
|---|---|---|---|
| ১. | টংগিবাড়ি | আড়িয়ল | ৭,৮,৯ (সিংহেরনন্দন) |
| ২. | | পাঁচগাও | ৭.৮৯ (দশোত্তর) |
| ৩. | | হাসাইল বানারী | ৭,৮,৯ (বানারী) |
| ৪. | শ্রীনগর | বাড়ৈখালি | ৭,৮,৯ (মদনখালি) |
| ৫. | | ষোলঘর | ৭,৮,৯ (কেয়টখালী) |
| ৬. | | পাটাভোগ | ৭,৮,৯ (কামারখোলা) |
| ৭. | | বীরতারা | ১,২,৩ (সাতগাও) |
| ৮. | | শ্যামসিদ্ধি | ৬,৭,৮ (শ্যামসিদ্ধি) |
| ৯. | | শ্রীনগর | ১,২,৩ (আরধীপাড়া) |
| ১০. | | কোলাপাড়া | ৭,৮,৯ (দক্ষিণ পাইকসা) |
| ১১. | | তন্তর | ৪.৫.৬ (ব্রাহ্মণখোলা) |
| ১২. | | বাঘড়া | ৭,৮,৯ (বরিবরখোলা) |
| ১৩. | লৌহজং | মেদিনীমন্ডল | ৪,৫,৬ (কাজিরপাগলা) |
| ১৪. | | কুমারভোগ | ১,২,৩ (খড়িয়া) |
| ১৫. | | হলদিয়া | ৪,৫,৬ (মৌছামান্দ্রা) |
| ১৬. | | লৌহজং-তেউটিয়া | ৭,৮,৯ (ব্রাহ্মণগাঁও) |
| ১৭. | | বেজগাঁও | ৪,৫,৬ (ভোগদিয়া) |
| ১৮. | | | ৭,৮,৯ (আটিগাঁও) |
| ১৯. | গজারিয়া | বালুয়াকান্দি | ৪,৫,৬ (ইউনিট ২) |
| ২০. | | টেংগারচর | ১,২,৩ (ইউনিট ১) |
| ২১. | | ভবেরচর | ১,২,৩ (ইউনিট ১) |
| ২২. | | বাউশিয়া | ৪,৫,৬ (ইউনিট ২) |

**শর্তাবলি:**

ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

গ) যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতোপূর্বের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের অনিষ্পন্ন আবেদনসমূহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধীন মর্মে বিবেচনা করা হবে বিধায় তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

**(ঘ) যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিট)

CamScanner

কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে: তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংকে স্বচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে;

৯. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

**(ঙ) অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বের ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোন আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোন বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলারের আবেদন করতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবে না। এক্ষেত্রে পরিবারে সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে; এবং

(চ) আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;

(ছ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলার সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(জ) আবেদনপত্র দালিখের শেষ তারিখ ও স্থান:**

১. ৩১ আগষ্ট ২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত;

২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ কার্যালয়ে জমা করতে হবে। কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১.০৮.২৬

সৈয়দা নুরমহল আশরাফী
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
মুন্সীগঞ্জ
ফোন: ৯৯৭৭৩১১০০
ই-মেইল: dcmunshiganj@mopa.gov.bd

CamScanner